গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়
(স্থানীয় সরকার শাখা)
বান্দরবান পার্বত্য জেলা।
www.bandarban.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নম্বর - ০৫.৪২.০৩০০.৫০২.০৭.০১৮. ২০১৭ - ৩৬৪,

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৪ ব:
১৩ আগস্ট ২০১৭

বিষয় ঃ ইনোভেশন টিমসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ।

সূত্র ঃ বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম (স্থানীয় সরকার বিভাগ) এর ১৭ জুলাই ২০১৭ তারিখের ০০.৪২.০০০.৪১.১০. ০০৭.২০১৫ - ৫৭৬ সংখ্যক স্মারক।

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে বান্দরবান পার্বত্য জেলার ইনোভেশন টিমসমূহ থেকে প্রাপ্ত ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে ..১৬..ফর্দ।

১৩.০৮.১৭

দিলীপ কুমার বণিক
জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন:০৩৬১-৬২৫০১
E-mail: dcbandarban@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

পরিচালক
স্থানীয় সরকার
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## বান্দরবান পার্বত্য জেলাধীন সকল উপজেলার ইনোভেশন টিমসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারি ২০১৭ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন ঃ-

-----------------

### (ক) আদর্শ পাড়া মডেল ঃ পার্বত্য অঞ্চলের তৃণমূল পর্যায়ে একটি সমন্বিত উন্নয়ন মডেল।

বাংলাদেশের মোট ভূমির এক-দশমাংশ নিয়ে পার্বত্য চট্টগ্রাম গঠিত। কিন্তু মোট জনসংখ্যার শতকরা এক ভাগেরও কম লোক এ অঞ্চলে বাস করে। পাহাড়ি এ জনপদের জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গকিলোমিটারে ১০০ এর কম) দেশের অন্যান্য অঞ্চলের ( প্রতি বর্গকি:মিতে প্রায় ১২০০) তুলনায় অনেক কম হলেও বিভিন্ন নাগরিক সুযোগ সুবিধা লাভের দিক থেকে এ অঞ্চলের জনগণ এখনো অনেক পিছিয়ে আছে। এর বহুবিধ কারণের মধ্যে অন্যতম হলো ভূমির দুর্গমতা। সরকারের সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো সমতল অঞ্চলের ছেয়ে এখানে বেশি ব্যয় বহুল ও কষ্টসাধ্য। তথাপি এ অঞ্চলের উন্নয়নের প্রতি বর্তমান সরকারের বিশেষ আগ্রহ ও সদিচ্ছার কারণে বিগত কয়েক বছরে পাহাড়ি জনপদের চিত্র অনেকটাই পাল্টে গেছে। প্রত্যন্ত দুর্গম পাহাড়ে নতুন নতুন সড়ক নির্মাণ, মোবাইল কানেকটিভিটির সম্প্রসারণ, সৌরবিদ্যুতের ব্যবহার প্রসারে সরকারের বিশেষ উদ্যোগ এবং স্কুল কলেজসহ অন্যান্য অবকাঠামো নির্মাণের মাধ্যমে দুর্গমপাহাড়ি জনপদও আজ আলোকিত হতে চলেছে। কিন্তু উন্নয়নকে জনবান্ধব, জন-অংশগ্রহণমূলক ও টেকসই করতে সরকারের এ সকল উদ্যোগে জনগণের সক্রিয় অংশগ্রহন জরুরি। উন্নয়ন কর্মকান্ড স্থানীয় জনগণকে সম্পৃক্ত করা না হলে উন্নয়ন কর্মকান্ডগুলোর বহুমাত্রিক সুফল হতে সমাজের বৃহত্তর অংশ তথা সাধারণ জনগণ বঞ্চিত হবে।

পার্বত্য চট্টগ্রামের মানুষের জীবন প্রবাহ ও সমাজব্যবস্থা বাংলাদেশের অন্যান্য ভূখন্ড থেকে ভৌগোলিক ও সামাজিক দিক থেকে অনেকাংশেই ভিন্ন। এখানকার সমাজ-ব্যবস্থা 'পাড়া' ভিত্তিক। সাধারণত বেশ কয়েকটি পরিবার নিয়ে গড়ে ওঠে এক একটি পাড়া। প্রত্যেক পাড়ায় থাকেন একজন পাড়া প্রধান, যাকে ' পাড়া কারবারি ' বলা হয়। পার্বত্য চট্টগ্রামে কার্বারি এবং মৌজা প্রধান তথা হেডম্যানগণ চিরায়ত নেতা ( traditional leader) হিসাবে সমাজের বিচার - আচারসহ ভুমি ব্যবস্থাপনার কাজ করে থাকেন। আশির দশকে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত "সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প ( ICDP) " এর মাধ্যমে পাড়াগুলোতে একটি করে 'পাড়া কেন্দ্র ' স্থাপনের মাধ্যমে পার্বত্য অঞ্চলে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রচলন হয়। এ সকল 'পাড়া কেন্দ্র' কে ভিত্তি ধরে সরকারের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাসহ কিছু বিভাগ তাদের সেবা কার্যক্রম (টিকাদান,ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো ইত্যাদি) চালিয়ে থাকে।

উল্লিখিত বাস্তবতা ও মাঠ পর্যায়ের বাস্তব অভিজ্ঞতার নিরিখে আইসিডিপি কর্তৃক প্রতিষ্ঠিত 'পাড়া কেন্দ্র' গুলোকে প্লাটফরম হিসেবে ব্যবহার করে সেবাদানকারী সরকার-বেসরকারী সকল প্রতিষ্ঠানের সেবা পাড়াবাসীর কাছে পৌছে দিয়ে এবং সাথে সাথে সংশ্লিষ্ট পাড়ার উন্নয়ন কর্মকান্ডে পাড়াবাসীর সক্রিয় অংশগ্রহণের (community engagement) মাধ্যমে প্রতিটি পাড়াকে 'আদর্শ পাড়া' হিসেবে গড়ে তোলা সম্ভব।

এ বিষয়গুলো বিবেচনায় নিয়ে

<u>বান্দরবান সদর উপজেলা ঃ-</u> বান্দরবান সদর উপজেলায় 'আদর্শ পাড়া' গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'আদর্শ পাড়া ' বলতে এমন একটি পাড়াকে বোঝাবে, যেখানে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ পানি, টেকসই চাষাবাদ, ফসল বাজারজাতকরণ, শিশুর শারীরিক ও মানসিক বিকাশ, নারীর প্রতি সহিংসতা রোধ ইত্যাদি নিশ্চিত হবে।

চলতি অর্থ বছরে (২০১৬-১৭) বান্দরবান সদর উপজেলার ০৫ টি ইউনিয়নের প্রত্যেকটিতে একটি করে প্রাথমিকভাবে ৫ টি পাড়া নির্বাচন করা হবে। এ সকল পাড়ায় পাড়াবাসী, আইসিডিপি'র পাড়াকর্মী , কার্বারী, হেডম্যান, ইউপি

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন



মেম্বার, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা পরিষদের সদস্যদের ও ন্যাস্ত-অন্যস্ত দপ্তরের কর্মকর্তাদের নিয়ে একটি করে বৈঠক বা মুক্ত আলোচনা করা হবে। এ আলোচনায় আদর্শ পাড়া মডেলটি পাড়াবাসীর সামনে তুলে ধরা হবে।

বিভিন্ন সূচকে বর্তমানে পাড়াটির অবস্থান কী তার জরিপ করা হবে। পাড়াবাসী, আইসিডিপি'র পাড়া কর্মী, পাড়া কার্বারী, স্থানীয় জনপ্রতিনিধি (ইউপি সদস্য, চেয়ারম্যান) ও কর্মকর্তাদের মতামতের উপর ভিত্তি করে আগামী ৩ (তিন) বছরে করণীয় বিষয়ের তালিকা তৈরি ;করা হবে। কোথায় কোথায় হস্তক্ষেপ বা কী বাস্তবায়ন দরকার তা তালিকা অনুযায়ী বাস্তবায়ন করা হবে। সংশ্লিষ্ট এলাকায় এনজিওসমূহের কাজের সাথেও সমন্বয় করা হবে। এ বিষয়ে বর্তমানে কার্যক্রম শুরু করা হয়েছে।

(খ) ০১ জানুয়ারি ২০১৭ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন ঃ-

<u>বান্দরবান সদর উপজেলা ঃ-</u>

| অংশগ্রহণকারীদের উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম | উদ্ভাবনী আইডিয়ার বর্তমান অবস্থা / অগ্রগতি | পাইলট উদ্যোগের বর্তমান অবস্থা/ অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) কৃষকদের একটি পরিপূর্ণ তথ্য ভান্ডার তৈরী করা | চলমান | ৬৫% | সফ্টওয়ার ডেভেলপ করা হয়েছে। |
| (খ) ওয়ার্ডভিত্তিক মৎস্যজীবিদের তালিকা তৈরি করা । | ডাটাবেইজ তৈরীর নিমিত্ত প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ শেষ পর্যায়ে। তথ্য সংগ্রহ শেষে অনলাইনে এন্ট্রি করা হবে। | ৪০% | |
| (গ) ডিজিটাল হাজিরা, ছাত্র-ছাত্রীদের মাসিক বেতন এবং পরীক্ষাসহ অন্যান্য ফি জমা প্রদান সহজীকরণের নিমিত্ত অনলাইন বা এসএমএস এর মাধ্যমে জমা নেয়ার সুবিধার্থে মোবাইল এ্যাপস অথবা সফ্টওয়ার তৈরীর ব্যবস্থা গ্রহণ। | সাংগু উচ্চ বিদ্যালয়ে এ প্রক্রিয়া শুরু করার জন্য ছাত্র-ছাত্রী, অভিভাবক ও শিক্ষকদের সাথে মতবিনিময় করা হয়েছে। বর্তমানে ডিজিটাল হাজিরা বাস্তবায়ন হয়েছে। বেতন-ভাতা ও ফি অনলাইনে আদায়ের কাজ প্রক্রিয়াধীন। তবে এক্ষেত্রে অভিভাবকদের নিকট হতে ইতিবাচক সাড়া পাওয়া যাচ্ছে না। | ৬০% | পর্যায়ক্রমে অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতেও এটি বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করা হবে। |
| (ঘ) আদর্শ পাড়া মডেল ঃ (পার্বত্য অঞ্চলের তৃণমূল পর্যায়ে একটি সমন্বিত উন্নয়ন মডেল) | 'আদর্শ পাড়া মডেল ঃ (পার্বত্য অঞ্চলের তৃণমূল পর্যায়ে একটি সমন্বিত উন্নয়ন মডেল) বাস্তবায়নের লক্ষে বান্দরবান সদর উপজেলার ৫ টি ইউনিয়নের প্রত্যেকটিতে একটি করে ৫ টি পাড়া নির্বাচন করার কাজ শেষ হয়েছে। এ সকল পাড়ায় ইতোমধ্যে কিছু কিছু প্রকল্প বাস্তবায়নাধীন আছে। বর্তমানে একটি পাড়াকে পাইলট পাড়া হিসেবে গ্রহণ করে কার্যক্রম পরিচালনার উপর গুরুত্বারোপ করা হয়। এ প্রেক্ষিতে বান্দরবান সদর উপজেলাধীন সুয়ালক ইউনিয়নের মাঝের পাড়া কে আদর্শ পাড়ার পাইলট প্রকল্প হিসেবে কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২৬% | বাস্তবায়নাধীন। |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন



লামা উপজেলা ঃ-

১. উপজেলা ইনোভেশন সার্কেল : ০১ টি
২. উদ্ভাবনী পাইলট প্রকল্প : নাই
৩. ইনোভেশন উদ্যোগ : ০১ টি
ক) প্রতিটি সরকারি দপ্তর ও উপজেলার আবাসিক এলাকায় পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ঝুড়ির ব্যবহার নিশ্চিতকরণ করা হয়েছে।

ক্রমশ ঃ

৪. ইনোভেশন উদ্যোগ সমাপ্ত : ০১ টি
৫. উদ্ভাবন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান : ০১ টি,উপজেলা প্রশাসন।
৬. স্থানীয়ভাবে উদ্ভাবন প্রশিক্ষণ প্রদান : হয় নি।
৭. আইসিটি ইনোভেশন উদ্যোগ :

ক) ইউ এন ও ফেসবুক পেজ চালু।
খ) বার্তা সংগ্রহ ও সমস্যার সমাধান।
গ) উপজেলার বিভাগীয় প্রধানদের ICT বিষয়ক ধারণা প্রদান।
ঘ) শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস তদারকি।
ঙ) ই-মেইলের মাধ্যমে সভার চিঠি ও কার্যবিবরণী প্রেরণ।
চ) আইসিটি বিষয়ক মেলার আয়োজন।
ছ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি ও নির্দেশনা প্রদান, কারিগরি ও প্রযুক্তিনির্ভর জ্ঞান অর্জনের জন্য পরামর্শ প্রদান।
জ) ই-ফাইলিং চালু করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ এবং
ঝ) স্কাইপির মাধ্যমে ইউনিয়ন হতে গণশুনানির আয়োজন করা।

৮. ফেসবুক পেজ : UDC এবং উপজেলার বিভিন্ন দপ্তরের ফেসবুক খোলা হয়েছে।
৯. উদ্ভাবনের জন্য স্বীকৃতি প্রদান :

ক) সেরা ডিজিটাল সেন্টার - ০৩ টি (লামা সদর,ফাসিঁয়াখালী ও আজিজনগর ইউনিয়ন)।
খ) সেরা মাল্টিমিডিয়া ক্লাসরুম - ০৬ টি( লামা সরঃ উচ্চ বিদ্যালয়, গজালিয়া উচ্চ বিদ্যালয় লামা আদর্শ বালিকা বিদ্যালয়, লামামুখ উচ্চ বিদ্যালয় লামা ইসলামিয়া ফাজিল ডিগ্রী মাদ্রাসা ও মাতামুহুরী ডিগ্রী কলেজ)।
গ) সেরা সরকারি কর্মকর্তা : ০৩ জন ( উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা)।
ঘ) নির্বাচিত স্থানীয় সরকার প্রতিনিধি : ০৫ জন ( চেয়ারম্যান,১নং গজালিয়া ইউনিয়ন, ২ নং লামা ইউনিয়ন, ৩ নং ফাসিঁয়াখালী, ৪ নং আজিজনগর ও ৬ নং রুপসীপাড়া ইউনিয়ন)।

১০. সার্বিক কার্যক্রম :

১. উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়।
২. ইনোভেশন টিমের সভায় সকল কর্মকর্তা নিয়মিত উপস্থিত থাকেন।
৩. ইনোভেশন সভায় ইউপি সচিব ও উদ্যোক্তাদের অংশগ্রহণের সুযোগ দেয়া।
৪. উপজেলা ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজন।
৫. মেলায় ডিজিটাল উদ্ভাবনী প্রতিযোগিতার আয়োজন।
৬. মাল্টিমিডিয়া ক্লাসরুমে অধিক ব্যবহার বাড়ানো।
৭. মাল্টিমিডিয়া ক্লাসরুমের সংখ্যা বৃদ্ধি।
৮. শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ইউডিসিগুলোর কার্যক্রম তদারকি বৃদ্ধি।
৯. উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান।
১০. স্বল্প সময়ে স্বচ্ছতা বজায় রেখে নাগরিক সেবা প্রদান।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন



রোয়াংছড়ি উপজেলা ঃ-

১। উপজেলায় ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করা হবে। কারণ এই ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা সম্ভব।

২। উপজেলায় অবস্থিত একমাত্র সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করার লক্ষে বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করার প্রক্রিয়া চলছে।

৩। উপজেলা পরিষদের সকল প্রোগ্রামে প্রত্যেক অফিসের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিতের লক্ষে এসএমএস সার্ভিস চালু করা হবে।

থানচি উপজেলা ঃ-

১। কার্যালয়ের সেবাসমূহ সহজীকরণের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের / শিক্ষক / শিক্ষার্থী / সর্বসাধারণের নিকট হতে উদ্ভাবনী ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে অভিযোগ বক্সের অনুরূপ ইনোভেশন বক্স চালু করার প্রক্রিয়া চলছে।

২। প্রতিটি সরকারি দপ্তরের জন্য পৃথক পৃথক ফেসবুক পেজ তৈরীর কাজ চলছে।

৩। সরকারী দপ্তরসমূহ ইনোভেশন কমিটি কর্তৃক প্রস্তাবিত ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করছে কি না তা যাচাই কাজ করা হয়।

৪। প্রতিটি দপ্তরে অগ্রাধিকার ভিত্তিক ০৩ টি গুরুত্বপূর্ন সেবা সহজীকরনের জন্য চিহ্নিত করে ইনোভেশন টিমের কার্যবিবরণীতে অর্ন্তভুক্ত করা হয়েছে।

৫। সরকারী দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে সেরা ইনোভেটরদেরকে পুরস্কার প্রদানের মাধ্যমে ইনোভেটরদের আরো নতুন নতুন উদ্ভাবনী পরিকল্পনা প্রনয়নে উৎসাহিত করার ব্যবস্থা গৃহীত।

বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা
উপজেলা- **লামা**
জেলা- **বান্দরবান পার্বত্য জেলা।**
বিবেচ্য সাল : **২০১৭**

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

| ক্র:নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১. | দপ্তর সমূহের সেবা প্রক্রিয়া সহজীকরণ। | ১. প্রতিটি দপ্তরের অগ্রাধিকারভিত্তিক ০৩টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য চিহ্নিতকরণ। | ১ জানুয়ারি, ২০১৭ | ৩০ জুন, ২০১৭ | দপ্তর প্রধান | সহজীকরণের জন্য প্রতিটি সরকারি দপ্তরের ০৩টি অগ্রাধিকারভিত্তিক সেবা চিহ্নিত। | অগ্রাধিকারপ্রাপ্ত চিহ্নিত ০৩টি সেবা ইনোভেশন টিমের কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত থাকবে। |
| ২. | প্রতিটি দপ্তরের ইনোভেশন কার্যক্রম তদারকি। | সরকারি দপ্তর সমূহ ইনোভেশন কমিটি কর্তৃক প্রস্তাবিত ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করছে কি না তা যাচাই করা। | ১ জুন, ২০১৭ | ৩০ জুন, ২০১৭ | উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্য | সকল সরকারি দপ্তর কর্তৃক উপজেলা ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতিটি দপ্তরের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র। |
| ৩. | পুরস্কার প্রদান। | বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্য থেকে সেরা ইনোভেটরদেরকে পুরস্কার প্রদান। | ১ জুলাই, ২০১৭ | ৩০ ডিসেম্বর, ২০১৭ | উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্য | পুরস্কার প্রদান করা এবং ইনোভেটরদের আরো নতুন কিছু উদ্ভাবনের পরিকল্পনা আসবে। | পুরস্কার প্রদান সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র। |
| ৪. | সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার। | প্রতিটি সরকারি দপ্তরের জন্য আলাদা আলাদা ফেসবুক (Facebook) পেজ তৈরি করা। | ১ জানুয়ারি, ২০১৭ | ৩০ মার্চ, ২০১৭ | দপ্তর প্রধান / তথ্য প্রদানকারী কর্মকর্তা | প্রতিটি দপ্তরের ফেসবুক আইডি খোলা নিশ্চিত হবে। | পোর্টালে পেজ লিংক। |
| ৫. | প্রকাশনা ও ডকুমেন্টেশন। | সকল সরকারি দপ্তর হতে প্রাপ্ত উদ্ভাবনী প্রস্তাব সমূহ সংরক্ষণ করা ও উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা এবং উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পণা প্রণয়ন করা। | ১ জুন, ২০১৭ | ৩০ জুন ২০১৭ | প্রতিটি দপ্তরের বিভাগীয় প্রধান | হার্ডকপি ও ওয়েব সাইটে প্রকাশিত হওয়া। | ওয়েব সাইটে প্রদত্ত তথ্য। |
| ৬. | ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিনের মাধ্যমে ইনোভেশন বিষয়ক প্রস্তাব বাস্তবায়ন। | - বিবিধ ভাতা প্রাপ্তিতে সহজীকরণ ও তথ্য সংরক্ষণ করা। | ১ এপ্রিল ২০১৭ | ৩০ জুন ২০১৭ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। | ইউনিয়ন পরিষদের তথ্য প্রাপ্তিতে সহজ হবে। | ওয়েব পোর্টালের মাধ্যমে |

স্বাক্ষরিত/-
০৯.০৪.২০১৭
(খিন ওয়ান নু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
ইনোভেশন অফিসার
উপজেলা ইনোভেশন টিম
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৫নং সরই ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা ।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্বারক নং ১৪/১৭ তারিখ:১৩/০৪/২০১৭ইং

বরাবরে,

জেলা প্রশাসক মহোদয়
বান্দরবান পার্বত্য জেলা ।
(দৃষ্টি আকর্ষণ: সহকারী কমিশনার(মূল্যায়ন), স্থানীয় সরকার শাখা ।)

বিষয়: 2০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন বিষয়ক প্রস্থাব প্রেরন ।

সূত্র: স্বারক নং ০৫.৪২.০৩০০.৫০২.০৭.০১৮.১৭-১৪৩ তারিখ ১৫চৈত্র ১৪২৩ব: ২৯মার্চ ২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্বারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, নাগরিক সেবা সহজী করন, সরকারের সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছানো, জনগনের জীবন মান উন্নয়ন, উন্নয়ন কর্মকান্ড জনবান্ধব, জন অংশ গ্রহন মূলক ও টেকসই করতে পাড়া উন্নয়ন কমিটি গঠন/ আদর্শ পাড়া বাস্থবায়নের বিকল্প নাই ।

আদর্শ পাড়া থেকে আদর্শ ওয়ার্ড, আদর্শ ওয়ার্ড থেকে আদর্শ ইউনিয়ন, আদর্শ ইউনিয়ন থেকে আদর্শ উপজেলা, আদর্শ উপজেলা থেকে আদর্শ জেলা কার্যক্রম বাস্থবায়ন করতে হবে ।

**আদর্শ পাড়া গঠন:**

১(এক)টি পাড়ায় ৩০(ত্রিশ)এর অধিক পরিবার থাকতে হবে । ইউনিয়ন পরিষদ ও এনজিও এর সহযোগিতায় পাড়ায় ১টি জন সভার মাধ্যমে পাড়া উন্নয়ন কমিটি গঠন করতে হবে । পাড়া উন্নয়ন কমিটিতে সকল পরিবার প্রধান সদস্য থাকবে । সকল সদস্যদের মতামতের ভিত্তিতে পাড়া উন্নয়ন কমিটির দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি নির্বাচন করতে হবে । প্রতি ২(দুই) মাস অন্তর অন্তর পাড়া উন্নয়ন কমিটির সভা করতে হবে ।

**পাড়ার প্রাথমিক তথ্য সংগ্রহ:**

মোট জন সংখ্যা, প্রাপ্ত বয়স্ক পুরুষ, প্রাপ্ত বয়স্ক মহিলা, অপ্রাপ্ত বয়স্ক পুরুষ, অপ্রাপ্ত বয়স্ক মহিলা, শিক্ষিত, অশিক্ষিত, কর্মজীবি, বেকার, কৃষক, হতদরিদ্র, দরিদ্র, মধ্যভিত্ত, উচ্ছ মধ্যভিত্ত ।

**সমস্যা চিহ্নিত করন:**

শিক্ষা, চিকিৎসা, কর্মসংস্থান, যোগাযোগ, বিশুদ্ধ পানি, স্যানিটেশন, খাদ্য নিরাপত্তা, আইন শৃংখলা, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন এর উপর স্থানীয় সমস্যা চিহ্নিত করতে হবে ।

**সমাধান:**

**শিক্ষা:**

প্রাথমিক বিদ্যালয় পাড়া থেকে দুরে হলে প্রাক প্রথমিক স্যাটেলাইট বিদ্যালয় স্থাপন ।

**চিকিৎসা:**

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পাড়া থেকে দুরে হলে পাড়া কেন্দ্রে স্যাটেলাইট ক্লিনিক স্থাপন । পরিবার পরিকল্পনা, মা ও নবজাতকসহ সকল নগরিকের প্রথমিক চিকিৎসা সেবা, টিকাদান, ভিটামিন এ কেপসুল খাওয়ানোর ব্যবস্থা করা ।

**কর্মসংস্থান:**

বেকার যুবক যুব মহিলাদের স্থানীয় চাহিদা মোতাবেক প্রতিটি পাড়া একিভূত করে ইউনিয়ন সদরে প্রশিক্ষণের ব্যবস্থা করা । যেমন- কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, হাঁস-মুরগি পালন, ফলজ বাগান সৃজন, মৎস্য চাষ ও পল্লী চিকিৎসা ইত্যাদি ।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

**যোগাযোগ:**

এক পাড়ার সহিত অন্য পাড়ার সংযুক্তির মাধ্যমে ইউনিয়ন সদরের সহিত যোগাযোগের ব্যবস্থা করা । যাহাতে কৃষকের উৎপাদিত পণ্য সহজে বাজার জাত করন, শিশুদের স্কুলে যাওয়া সহজ হয় ।

**বিশুদ্ধ পানি:**

বিশুদ্ধ পানির জন্য গভির, অগভির ও রিংওয়েল স্থাপন ।

**স্যানিটেশন:**

স্যানিটেশন বিষয় জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহন ও প্রয়োজন সাপেক্ষে গণসৌচাগার নির্মান ।

**খাদ্য নিরাপত্তা:**

বৎসরের যেই সময়ে খাদ্য সংকট হওয়ার সম্ভাবনা আছে । সেই সময়ের জন্য পাড়া উন্নয়ন কমিটির মাধ্যমে খাদ্য মৌজুত করা ।

**আইন শৃংখলা:**

এলাকার সার্বিক আইন শৃংখলা ও সন্ত্রস প্রতিরোধ, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয় জনসচেতনতা মূলক সভা সমাবেশ এবং নির্যাতিত লোক জনকে আইনি সহায়তা প্রদান ।

উল্লেখিত কার্যক্রম গ্রহনের ক্ষেত্রে অর্থ, পরিকল্পনা ও লজেষ্টিক সাপোর্টের প্রয়োজন রহিয়াছে ।

**অর্থ, পরিকল্পনা ও লজেষ্টিক সাপোর্টের যোগানদাতা:**

১. পাড়া উন্নয়ন কমিটি
২. এনজিও
৩. ইউনিয়ন পরিষদ
৪. একটি বাড়ি একটি খামার প্রকল্প
৫. উপজেলা পরিষদ
৬. পার্বত্য জেলা পরিষদ
৭. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়
৮. পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১০. স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় কর্তৃক থোক বরাদ্দ

একেই পদ্ধতিতে প্রতিটি পাড়ায় কার্যক্রম বাস্তবায়িত হলে একটি আদর্শ ও সর্নিভর ইউনিয়ন গঠিত হইবে এবং জনগনের মৌলিখ চাহিদা পূরন, অর্থ কর্মসংস্থান, জনগনের জীবন মান উন্নয়ন, তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন টেকসই ও সহজতর হইবে ।

মোহাম্মদ মুছা
সচিব
৫নং সরই ইউনিয়ন পরিষদ
উপজেলা- লামা, বান্দরবান ।

ফরিদ উল আলম
চেয়ারম্যান
৫নং সরই ইউনিয়ন পরিষদ
উপজেলা- লামা, বান্দরবান ।

(৪)

# ১নং রোয়াংছড়ি ইউনিয়ন পরিষদ কার্যালয়
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

(৩)

## বাৎসরিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা-২০১৭

| ক্র:নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (এটি সম্পাদিত হলে গুনগত বা পরিমানগত কি পরিবর্তন আসবে) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা সদর হতে ঘেরাউ মুখ বাজার ভায়া ঘেরাউ ভিতর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তা পুণঃ নির্মাণ | মে-জুন ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | জনগণ ও ছাত্রদের যোগাযোগ উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০২. | উপজেলা সদর হতে থোয়াইঅংগ্য পাড়া বাজার ভায়া পিআইও অফিস ব্রীজ | জুন-জুলাই ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | জনগণের যাতায়ত ও পরিবহন যোগাযোগ উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০৩. | রোয়াংছড়ি সদর ইউনিয়নের শতভাগ স্যানিটেশন নিশ্চিত করন | জুন-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | এলাকা উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন হবে |
| ০৪. | ইউপি কমপ্লেক্স জায়গা বাউন্ডারী প্রাচীর নির্মাণ সহ ঈশ্বয়োজনীয় প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন | জুন-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | বাউন্ডারী প্রাচীর নির্মাণ হলে মাটি ভরাট বাগান পানি সরবরাহ ফার্নিচার ইউনিয়ন ডিজিটাল উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০৫. | বেংছড়ি পূনবার্সন পাড়া কমিউনিটি স্কুলে মাঠ উন্নয়ন | জুন-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | স্কুলে ছাত্র-ছাত্রীদের খেলাধুলা করতে সুবিধা হবে। | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০৬. | বড়শীলা পূর্নবাসন পাড়া বৌদ্ধ বিহারে সোলার স্থাপন | জুন-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | বড়শীলা পূর্নবাসন পাড়া বৌদ্ধ বিহারে উন্নয়ন হবে | |
| ০৭. | সোয়ানলু পাড়া ইসিজি গির্জা উন্নয়ন | জুলাই-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | সোয়ানলু পাড়া গীর্জা উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০৮. | খাব্রে পাড়া বৌদ্ধ বিহার সংস্কার ও সোলার স্থাপন | জুলাই-আগষ্ট | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | খাব্রে বৌদ্ধ বিহার উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ০৯. | বাঘমারা ঝিড়ি হতে খামতাং পাড়া রাস্তা সংস্কার | জুন-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | খামতাং পাড়া যোগাযোগের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |

২

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

| ক্র:নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (এটি সম্পাদিত হলে গুনগত বা পরিমানগত কি পরিবর্তন আসবে) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ১০. | পাগলাছড়া পাড়া ক্রেপ্রং ঝিড়িতে বাঁধ পুন: সংস্কার | জুলাই-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | পাগলাছড়া ক্রেপ্রং ঝিড়িতে মৎস্য চাষের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১১ | রোয়াংছড়ি কেন্দ্রীয় বৌদ্ধ বিহারে টয়লেট ঘর নির্মাণ | জুলাই-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | বৌদ্ধ বিহারের ধর্ম গুরুদের টয়লেট ঘর উন্নয়ন | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১২ | বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র ও শিক্ষা সামগ্রী বিতরণ | জুন-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | ছাত্র-ছাত্রীর ও বিদ্যালয়ের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৩ | ঘেরাউ ভিতর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২টি শ্রেণী কক্ষ মেরামত | মে-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | ঘেরাউ ভিতর পাড়া সরকারী প্রার্থমিক বিদ্যালয়ের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৪ | রোয়াংছড়ি সদর ইউপি তথ্য সেবা কেন্দ্রে ডিজিটাল সামগ্রী ক্রয় ও রুম সংস্কার | জুলাই-সেপ্টেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | ডিজিটাল সেবা কেন্দ্রে উন্নয়ণ হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৫ | মংবাই পাড়া বাঁ পুনঃ সংস্কার | জুলাই-অক্টোবর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | মৎস্য চাষের উন্নয়ন হবে | |
| ১৬ | রোয়াংছড়ি বেকার মহিলাদের সেলাই মেশিন বিতরণ | জুলাই-অক্টোবর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | বেকার মহিলাদের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৭ | তুলাছড়ি পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় সংস্কার | জুলাই-আগষ্ট ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | তুলাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্ণয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৮ | পুনবার্সন বাগান পাড়া পুকুর সংস্কার | জুলাই-নভেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | পুনবার্সন বাগান পাড়া মৎস্য চাষের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ১৯ | দুর্নিবার ত্রিপুরা পাড়া পানি লাইন সংস্কার | সেপ্টেম্বর-নভেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | পাড়াবাসীর পানি ব্যবহারে উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২০ | অবিচলিত পাড়া যাত্রী ছাউনী নির্মাণ | সেপ্টেম্বর-নভেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | পাড়াবাসীর ও পথচারীদের বিশ্রামে সুবিধা হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |

৩

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

| ক্র:নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (এটি সম্পাদিত হলে গুনগত বা পরিমানগত কি পরিবর্তন আসবে) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ২১ | ঘেরাউমুখ পাড়া বৌদ্ধ বিহার মেরামত | সেপ্টেম্বর-নভেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | বৌদ্ধ বিহার উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২২ | রোয়াংছড়ি কেন্দ্রীয় মন্দির পুন: সংস্কার | সেপ্টেম্বর-নভেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | রোয়াংছড়ি কেন্দ্রীয় মন্দির উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৩ | রোয়াংছড়ি কেন্দ্রীয় জামে মসজিদের ওজোখানা নির্মাণ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | রোয়াংছড়ি কেন্দ্রীয় জামে মসজিদের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৪ | নোয়া পাড়া পানি লাইন উন্নয়ন | অক্টোবর-ডিসেম্বর-২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | নোয়া পাড়া পানি উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৫ | অংজাই পাড়া কুমিক্ষ্যং ঝিড়িতে পুকুর খনন | নভেম্বর-ডিসেম্বর ২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | অংজাই পাড়াবাসীর মৎস্য চাষের উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৬ | রনিন পাড়া পানি লাইন পুন: সংস্কার | অক্টোবর-ডিসেম্বর-২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | রনিন পাড়াবাসীর পানি উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৭ | কাইন্তারমুখ পাড়া চিংঞ্রামুখ পাড়া রাস্তা সংকার | অক্টোবর-ডিসেম্বর-২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | কাইন্তারমুখ পাড়া চিংঞ্রামুখ পাড়াবাসীর যাতায়াত সুবিধা হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |
| ২৮ | তালুকদার পাড়া বৌদ্ধ বিহার সংস্কার | অক্টোবর-ডিসেম্বর-২০১৭ | চেয়ারম্যান ও মেম্বার এদের নেতৃত্বে হবে | তালুকদার পাড়া বৌদ্ধ বিহার উন্নয়ন হবে | পরিমাণ অনুযায়ী বাস্তবায়ন হবে |

২৭.০৪.১৭

চেয়ারম্যান
১নং রোয়াংছড়ি ইউনিয়ন পরিষদ
রোয়াংছড়ি, বান্দরবান।

(৯)

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়
**৪ নং সুয়ালক ইউনিয়ন পরিষদ**
বান্দরবান সদর ,বান্দরবান।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং ঃ সুঃইউপি/বান্দরবান / ৬৫(২) /২০১৭ - তারিখ ঃ ২৪ /০৪/২০১৭খ্রিঃ

বরাবরে,

জেল প্রশাসক মহোদয়
বান্দরবান পার্বত্য জেলা।
( দৃষ্টি আকর্ষণ : সহকারী কমিশনার ( মূল্যায়ন ) স্থানীয় সরকার শাখা )

বিষয় ঃ ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুয়াযী ইনোভেশন বিষয়ক প্রস্তাব প্রেরন প্রসংঙ্গে।

সূত্র ঃ স্মারক নং -০৫.৪২.০৩০০.৫০২.০৭.০১৮.১৭- ১৪৩ তারিখ ঃ২৯-০৩-২০১৭ খ্রিঃ

মহোদয়

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, নাগরিক সেবা সহজী করন, সরকারে সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো , জনগনে জীবন যাত্র মান উন্নয়ন , উন্নয়ন কর্মকান্ড জনবান্ধব, জনঅংশগ্রহন মূলক ও টেকসই করতে পাড়া উন্নয়ন কমিটি গঠন / আদর্শ পাড়া বাস্তবায়নের কোন বিকল্প নেই ।

আদর্শ পাড়া থেকে আদর্শ ওয়ার্ড ,আদর্শ ওয়ার্ড থেকে আদর্শ ইউনিয়ন , আদর্শ ইউনিয়ন থেকে আদর্শ উপজেলা ,আদর্শ উপজেলা থেকে আদর্শ জেলা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

আদর্শ পাড়া গঠন :-

১(এক) টি পাড়ায় ৪০( চল্লিশ ) টি অধিক পরিবার থাকতে পারে । ইউনিয়ন পরিষদ ও এনজিও সহযোগিতায় পাড়ায় ১টি জন সভার মাধ্যমে পাড়া উন্নয়ন কমিটি গঠন করতে হবে । পাড়া উন্নয়ন কমিটিতে সকল পরিবারে প্রধান সদস্য হবে । সকল সদস্যদের মতামত ভিক্তিতে পাড়া উন্নয়ন কমিতির দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি নির্বাচন করতে হবে । প্রতি ২(দুই) মাস অন্তর অন্তর পাড়া উন্নয়ন কমিতির সভা করতে হবে ।

পাড়ার প্রাথমিক শিক্ষা তথ্য সংগ্রহ :

মোট জনসংখ্যা ,প্রাপ্ত বয়স্ক পুরুষ , প্রাপ্ত বয়স্ক মহিলা , অপ্রাপ্ত বয়স্ক পুরুষ , অপ্রাপ্ত বয়স্ক মহিলা ,শিক্ষিত, অশিক্ষিত , কর্মজীবি, বেকার ,কৃষক, হতদরিদ্র , দরিদ্র ,মধ্যবিক্ত, উচ্চ মধ্যবিক্ত ।

সমস্যা চিহিত করন :-

শিক্ষা ,চিকিৎসা , কর্মসংস্থান ,যোগাযোগ, বিশুদ্ধ পানি ,স্যানিটেশন , খাদ্য নিরাপক্তা আইন শৃঙ্খলা , বাল্যবিবাহ, নারী শিশু নির্য়াতনএর উপর স্থানীয় সমস্যা চিহিত করতে হবে ।

সমাধান :-

শিক্ষা :

প্রাথমিক বিদ্যালয় পাড়া থেকে দুরে হলে প্রাক প্রাথমিক স্যাটেলাইট বিদ্যালয় স্থাপন ।

চিকিৎসাঃ-

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পাড়া থেকে দুরে হলে পাড়া কেন্দ্র স্যাটেলাইন ক্লিনিট স্থাপন । পরিবার পরিকল্পনা , মা ও নবজাতক সহ সকল নাগরিকের প্রাথমিক চিকিৎসা সেবা , টিকাদান ,ভিটামিন এ কেপসুল খাওয়ানোর ব্যবস্থা করা ।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

কর্মসংস্থান:-

বেকার যুবকও যুব মহিলাদের স্থানীয় চাহিদা মোতাবেক প্রতিটি পাড়া একিত্রত করে ইউনিয়ন পরিষদের প্রশিক্ষণ ব্যবস্থা করা । যেমন কম্পিউটার প্রশিক্ষন, সেলাই মেশিন প্রশিক্ষন, হাসঁ মুরগি পালন , ফলজ বাগান সৃজন মৎস্য চাষ ও পল্লী চিকিৎসক ইত্যাদি ।

যোগাযোগ:-

এক পাড়ায় সহিত অন্য পাড়ার সংযুক্তি মাধ্যমে ইউনিয়ন সদরে সহিত যোগাযোগ ব্যবস্থা করা । যাহাতে কৃষকের উৎপাদিত পণ্য সহজে বাজার জাত করন, শিশুদের স্কুলে যাওয়া সহজ হয় ।

বিশুদ্ধ পানি :-

বিশুদ্ধ পানির জন্য গভির, অগভীর রিংওয়েল স্থাপন ।

স্যানিটেশন :-

স্যানিটেশন বিষয় জনসচেতন মূলক কার্যক্রম গ্রহন ও প্রয়োজন সাপেক্ষে গণশোচাগার নিমার্ন ।

খাদ্য নিরাপত্তা :-

বৎসরের যে সময়ে খাদ্য সংকট হাওয়া সম্বাবনা আছে । সেই সময়ের জন্য পাড়া উন্নয়ন কমিতির মাধ্যমে খাদ্য মজুদ করা ।

আইন শৃংখলা :-

এলাকার সার্বিক আইন শৃংখলা ও সন্ত্রাস প্রতিরোধ , বাল্য বিবাহ , নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষক জনসচেতন মূলক সভা সমাবেশ এবং নির্যাতিত লোক জনকে আইনি সহায়তা প্রদান ।
উল্লেখিত কার্যক্রম গ্রহনের ক্ষেত্রে অর্থ , পরিকল্পনা ও লজেস্টিক সাপেটি প্রয়োজন রয়েছে ।
অর্থ , পরিকল্পনা ও লজেস্টিক সার্পোটের যোগানদাতা :-

১। পাড়া উন্নয়ন কমিটি
২। এনজিও
৩। ইউনিয়ন পরিষদ
৪। একটি বাড়ি একটি খামার প্রকল্প
৫। উপজেলা পরিষদ
৬। পাবর্ত্য জেলা পরিষদ
৭। পাবর্ত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
৮। পাবর্ত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
৯। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কতৃর্ক থোক বরাদ্দ

একে পদ্ধতিতে প্রতিটি পাড়ায় কার্যক্রম বাস্তবায়িত হলে একটি আদর্শ গ্রাম ও স্বনির্ভর ইউনিয়ন গঠিত হইবে।এবং জনগণ মৌলিক চাহিদা পূরণ ,অর্থ কর্মসংস্থান, জনগণে জীবন যাত্রা মান উন্নয়ন , তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন টেকসই ও সহজতর হইবে ।

( উক্যানু মার্মা )
চেয়ারম্যান
৪ নং সুয়ালক ইউনিয়ন পরিষদ
রোয়াংছড়ি,বান্দরবান।

বাংলাদেশ (৮১) দীর্ঘজীবি হউক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৪নং আজিজ নগর ইউনিয়ন পরিষদ

ডাকঘর ঃ আজিজ নগর, উপজেলা ঃ লামা, জেলা ঃ বান্দরবান পার্বত্য জেলা।

চেয়ারম্যান : মোঃ জসিম উদ্দীন

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নংঃ ৩৯ঃ ইউ.পি-০৫/১৭ তারিখ ২০ | ০৪ | ১৭

বরাবরে,

সহকারী কমিশনার (মূল্যায়ন)
স্থানীয় সরকার শাখা
বান্দরবান পার্বত্য জেলা।

২৬.০৪.১৭

বিষয় ঃ ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন বিষয়ক প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।
সূত্র ঃ স্মারক নং- ০৫.৪২০৩০০.৫০২.০৭.০১৮.১৭-১৪৩তারিখ ২৯/৩/২০১৭ইং।

DA

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য সবিনয়ে জানানো যাচ্ছে যে, নাগরিক সেবা সহজীকরণ, সরকারের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানো উন্নয়নকে জন বান্ধব, জনকল্যাণমুখী ও জনগণের অংশগ্রহণ মূলক মজবুদ করতে সরকারের প্রত্যেক উদ্যোগে জনগণের অংশ গ্রহণ একান্ত প্রয়োজন। সরকারের প্রত্যেকটি উন্নয়ন কর্মকান্ডে জনগণকে সম্পৃক্ত করা না হলে কাংক্ষিত উন্নয়ন বাস্তবায়ন করা দুঃস্কর হইয়া পড়ে। পাশাপাশি সরকারের সেবা জনগণের দোরগোড়ায় যথাযথ ভাবে পৌঁছানো যায় না। তাহা বাংলাদেশের অন্যান্য সমতল অঞ্চলের তুলনায় অত্র পার্বত্য চট্টগ্রামের বেলায় ভিন্ন চিত্র পরিলক্ষিত হয়।কেননা পার্বত্য চট্টগ্রামের যোগাযোগ ব্যবস্থা অনুন্নত ও একটি পাড়া থেকে আরেকটি পাড়ার দুরত্ব অনেক বেশী।

অত্র পার্বত্য চট্টগ্রামের মানুষের জীবন প্রবাহ, সমাজ ব্যবস্থা, সাংস্কৃতি, কৃষ্টি বাংলাদেশের অন্যান্য ভূখন্ড থেকে ভৌগোলিক ও সামাজিক দিক দিয়ে ভিন্ন কেননা অত্র পার্বত্য চট্টগ্রামে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ছাড়াও বিভিন্ন উপজাতি জনগোষ্ঠীর ১০/১১টি সম্প্রদায়ের লোকের বসবাস। অত্র পার্বত্য চট্টগ্রামের সমাজ ব্যবস্থা পাড়া ভিত্তিক। উক্ত পাড়ায় সর্দার কিংবা কারবারীরা সামাজিক বিভিন্ন সমস্যা ও বিচার-আচার নিষ্পত্তি করে থাকে। পার্বত্য চট্টগ্রামে উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠার পর হইতে উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত সমাজ উন্নয়ন প্রকল্পের আওতায় পাড়াগুলোতে পাড়া কেন্দ্র স্থাপন করে এলাকার গরীব, অসহায়, ঝরে পড়া, ছেলেমেয়েদের প্রাক-প্রাথমিক শিক্ষা প্রচলন করে তাহা এখনো চালু আছে। পাশাপাশি উক্ত পাড়া কেন্দ্রে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা হিসেবে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো ও টিকাদান কর্মসূচি পালন করিয়া আসিতেছে।

এই বিষয়গুলো সার্বিক বিবেচনা করে অত্র ৪নং আজিজনগর ইউনিয়ন পরিষদের গত ৮/৪/১৭ইং তারিখের মাসিক সভার অনুমোদন ক্রমে ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা হিসাবে চেয়ারম্যান পাড়াকে "আদর্শ পাড়া" গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত উদ্যোগ বাস্তাবায়িত হইলে সরকারের গৃহীত ২০২১ সালের কর্মপরিকল্পনা অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার পথ সুগম হইবে এবং তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন সহজতর হবে।

২০/৪/১৭

(মোঃ জসিম উদ্দিন)
চেয়ারম্যান
৪নং আজিজ নগর ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়
## ২ নং তারাছা ইউনিয়ন পরিষদ
রোয়াংছড়ি,বান্দরবান।

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং ঃ তাঃইউপি/রোয়াংছড়ি/ ৯৬ /২০১৭ তারিখ ঃ ২৪ /০৪/২০১৭খ্রিঃ

বরাবরে,
জেলা প্রশাসক মহোদয়
বান্দরবান পার্বত্য জেলা।
( দৃষ্টি আকর্ষণ : সহকারী কমিশনার ( মূল্যায়ন ) স্থানীয় সরকার শাখা )

বিষয় ঃ ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুয়াযী ইনোভেশন বিষয়ক প্রস্তাব প্রেরন প্রসংঙ্গে।

সূত্রঃ স্মারক নং -০৫.৪২.০৩০০.৫০২.০৭.০১৮.১৭- ১৪৩ তারিখ ঃ ২৯-০৩-২০১৭ খ্রিঃ

মহোদয়

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, নাগরিক সেবা সহজী করন, সরকারে সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো , জনগনে জীবন যাত্র মান উন্নয়ন , উন্নয়ন কর্মকান্ড জনবান্ধব, জনঅংশগ্রহন মূলক ও টেকসই করতে পাড়া উন্নয়ন কমিটি গঠন / আদর্শ পাড়া বাস্তবায়নের কোন বিকল্প নেই ।

আদর্শ পাড়া থেকে আদর্শ ওয়ার্ড ,আদর্শ ওয়ার্ড থেকে আদর্শ ইউনিয়ন , আদর্শ ইউনিয়ন থেকে আদর্শ উপজেলা ,আদর্শ উপজেলা থেকে আদর্শ জেলা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

আদর্শ পাড়া গঠন :-

১(এক) টি পাড়ায় ৪০( চল্লিশ ) টি অধিক পরিবার থাকতে পারে । ইউনিয়ন পরিষদ ও এনজিও সহযোগিতায় পাড়ায় ১টি জন সভার মাধ্যমে পাড়া উন্নয়ন কমিটি গঠন করতে হবে । পাড়া উন্নয়ন কমিটিতে সকল পরিবারে প্রধান সদস্য হবে । সকল সদস্যদের মতামত ভিক্তিতে পাড়া উন্নয়ন কমিতির দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি নির্বাচন করতে হবে । প্রতি ২(দুই) মাস অন্তর অন্তর পাড়া উন্নয়ন কমিতির সভা করতে হবে ।

পাড়ার প্রাথমিক শিক্ষা তথ্য সংগ্রহ :

মোট জনসংখ্যা ,প্রাপ্ত বয়স্ক পুরুষ , প্রাপ্ত বয়স্ক মহিলা , অপ্রাপ্ত বয়স্ক পুরুষ , অপ্রাপ্ত বয়স্ক মহিলা ,শিক্ষিত, অশিক্ষিত , কর্মজীবি, বেকার ,কৃষক, হতদরিদ্র , দরিদ্র ,মধ্যবিক্ত, উচ্চ মধ্যবিক্ত ।

সমস্যা চিহিত করন :-

শিক্ষা ,চিকিৎসা , কর্মসংস্থান ,যোগাযোগ, বিশুদ্ধ পানি ,স্যানিটেশন , খাদ্য নিরাপক্তা আইন শৃঙ্খলা , বাল্যবিবাহ, নারী শিশু নির্যাতনএর উপর স্থানীয় সমস্যা চিহিত করতে হবে ।

সমাধান :-

শিক্ষা :

প্রাথমিক বিদ্যালয় পাড়া থেকে দুরে হলে প্রাক প্রাথমিক স্যাটেলাইট বিদ্যালয় স্থাপন ।

চিকিৎসা:-

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পাড়া থেকে দুরে হলে পাড়া কেন্দ্র স্যাটেলাইন ক্লিনিট স্থাপন । পরিবার পরিকল্পনা , মা ও নবজাতক সহ সকল নাগরিকের প্রাথমিক চিকিৎসা সেবা , টিকাদান ,ভিটামিন এ কেপসুল খাওয়ানোর ব্যবস্থা করা ।

শেখ ... বাংলাদেশের ...

রোয়াংছড়ি, বান্দরবান

কর্মসংস্থান:-

বেকার যুবকও যুব মহিলাদের স্থানীয় চাহিদা মোতাবেক প্রতিটি পাড়া একিভূত করে ইউনিয়ন পরিষদের প্রশিক্ষণ ব্যবস্থা করা । যেমন কম্পিউটার প্রশিক্ষন, সেলাই মেশিন প্রশিক্ষন, হাসঁ মুরগি পালন , ফলজ বাগান সৃজন মৎস্য চাষ ও পল্লী চিকিৎসক ইত্যাদি ।

যোগাযোগ:-

এক পাড়ায় সহিত অন্য পাড়ার সংযুক্তি মাধ্যমে ইউনিয়ন সদরে সহিত যোগাযোগ ব্যবস্থা করা । যাহাতে কৃষকের উৎপাদিত পণ্য সহজে বাজার জাত করন, শিশুদের স্কুলে যাওয়া সহজ হয় ।

বিশুদ্ধ পানি :-

বিশুদ্ধ পানির জন্য গভির, অগভীর রিংওয়েল স্থাপন ।

স্যানিটেশন :-

স্যানিটেশন বিষয় জনসচেতন মূলক কার্যক্রম গ্রহন ও প্রয়োজন সাপেক্ষে গণশোচাগার নিমার্ন ।

খাদ্য নিরাপওা :-

বৎসরের যে সময়ে খাদ্য সংকট হাওয়া সম্বাবনা আছে । সেই সময়ের জন্য পাড়া উন্নয়ন কমিতির মাধ্যমে খাদ্য মজুদ করা ।

আইন শৃংখলা :-

এলাকার সার্বিক আইন শৃংখলা ও সন্ত্রাস প্রতিরোধ , বাল্য বিবাহ , নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষক জনসচেতন মূলক সভা সমাবেশ এবং নির্যাতিত লোক জনকে আইনি সহায়তা প্রদান ।

উল্লেখিত কার্যক্রম গ্রহনের ক্ষেত্রে অর্থ , পরিকল্পনা ও লজেস্টিক সার্পোটি প্রয়োজন রয়েছে ।

অর্থ , পরিকল্পনা ও লজেস্টিক সার্পোটের যোগানদাতা :-

১। পাড়া উন্নয়ন কমিটি
২। এনজিও
৩। ইউনিয়ন পরিষদ
৪। একটি বাড়ি একটি খামার প্রকল্প
৫। উপজেলা পরিষদ
৬। পাবর্ত্য জেলা পরিষদ
৭। পাবর্ত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
৮। পাবর্ত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড
৯। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কতৃর্ক থোক বরাদ্দ

একে পদ্ধতিতে প্রতিটি পাড়ায় কার্যক্রম বাস্তবায়িত হলে একটি আদর্শ গ্রাম ও স্বনির্ভর ইউনিয়ন গঠিত হইবে।এবং জনগণ মৌলিক চাহিদা পূরণ ,অর্থ কর্মসংস্থান, জনগণে জীবন যাত্রা মান উন্নয়ন , তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন টেকসই ও সহজতর হইবে ।

মংছাই থোয়াই চাক
সচিব
২নং তারাছা ইউনিয়ন পরিষদ
রোয়াংছড়ি, বান্দরবান।

( উথোয়াইচিং মার্মা )
চেয়ারম্যান
২ নং তারাছা ইউনিয়ন পরিষদ
রোয়াংছড়ি,বান্দরবান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৭ নং ফাইতং ইউনিয়ন পরিষদ

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

ডাকঘরঃ বরইতলী, উপজেলাঃ লামা, জেলাঃ বান্দরবান পার্বত্য জেলা।

**সূত্র- ফাইতং ইউপি ২০১৭- ২২** **তারিখ ঃ ২৭/০৪/২০১৭ইং**

বরাবরে,
সহকারী কমিশনার (মূল্যায়ন)
স্থানীয় সরকার শাখা
বান্দরবান পার্বত্য জেলা।

বিষয় ঃ ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন বিষয়ক প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।
সূত্র ঃ স্মারক নং- ০৫.৪২০৩০০.৫০২.০৭.০১৮.১৭-১৪৩তারিখ ২৯/৩/২০১৭ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য সবিনয়ে জানানো যাচ্ছে যে, নাগরিক সেবা সহজীকরণ, সরকারের সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো উন্নয়নকে জন বান্ধব, জনকল্যাণমুখী ও জনগণের অংশগ্রহণ মূলক মজবুদ করতে সরকারের প্রত্যেক উদ্যোগে জনগণের অংশ গ্রহণ একান্ত প্রয়োজন। সরকারের প্রত্যেকটি উন্নয়ন কর্মকান্ডে জনগণকে সম্পৃক্ত করা না হলে কাংক্ষিত উন্নয়ন বাস্তবায়ন করা দুঃস্কর হইয়া পড়ে। পাশাপাশি সরকারের সেবা জনগণের দোরগোড়ায় যথাযথ ভাবে পৌছানো যায় না। তাহা বাংলাদেশের অন্যান্য সমতল অঞ্চলের তুলনায় অত্র পার্বত্য চট্টগ্রামের বেলায় ভিন্ন চিত্র পরিলক্ষিত হয়।

অত্র পার্বত্য চট্টগ্রামের মানুষের জীবন প্রবাহ, সমাজ ব্যবস্থা, সাংস্কৃতি, কৃষ্টি বাংলাদেশের অন্যান্য ভূখন্ড থেকে ভৌগোলিক ও সামাজিক দিক দিয়ে ভিন্ন কেননা অত্র পার্বত্য চট্টগ্রামে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ছাড়াও বিভিন্ন উপজাতি জনগোষ্ঠীর ১০/১১টি সম্প্রদায়ের লোকের বসবাস। অত্র পার্বত্য চট্টগ্রামের সমাজ ব্যবস্থা পাড়া ভিত্তিক। উক্ত পাড়ায় সর্দার কিংবা কারবারীরা সামাজিক বিভিন্ন সমস্যা ও বিচার-আচার নিস্পত্তি করে থাকে। পার্বত্য চট্টগ্রামে উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠার পর হইতে উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত সমাজ উন্নয়ন প্রকল্পের আওতায় পাড়াগুলোতে পাড়া কেন্দ্র স্থাপন করে এলাকার গরীব, অসহায়, ঝরে পড়া, ছেলেমেয়েদের প্রাক-প্রাথমিক শিক্ষা প্রচলন করে তাহা এখনো চালু আছে। পাশাপাশি উক্ত পাড়া কেন্দ্রে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা হিসেবে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো ও টিকাদান কর্মসূচি পালন করিয়া আসিতেছে।

এই বিষয়গুলো সার্বিক বিবেচনা করে অত্র ৭নং ফাইতং ইউনিয়ন পরিষদের গত১৮/৪/১৭ইং তারিখের মাসিক সভার অনুমোদন ক্রমে ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা হিসাবে ফাইতং নয়াপাড়াকে "আদর্শ পাড়া" গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত উদ্যোগ বাস্তাবায়িত হইলে সরকারের গৃহীত ২০২১ সালের কর্মপরিকল্পনা অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার পথ সুগম হইবে এবং তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন সহজতর হবে।

২৭/৪/১৭

(মোঃ জালাল উদ্দিন)
চেয়ারম্যান
৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

জালাল উদ্দিন
চেয়ারম্যান
৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

(৭৮)

১নং রাজবিলা ইউনিয়ন পরিষদ বান্দরবান সদর, বান্দরবান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১নং রাজবিলা ইউনিয়ন পরিষদ কার্যালয়
বান্দরবান সদর,বান্দরবান।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

**বিষয় : ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন বিষয়ক প্রস্তাব প্রেরণ ।**

নাগরিক সেবা সহজীকরণ , সরকারের গৃহীত কর্মসুচি অনুযায়ী জনগনের দোড়গোড়ায় সেবা পৌঁছানো , সাধারন জনগনের জীবনমান উন্নয়ন, জনবান্ধব বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নে আদর্শ গ্রাম বাস্তবায়নের বিকল্প নাই। ইউনিয়ন এলকায় সাধারন জনগনের পরামর্শ ও মতামতের ভিত্তিতে নিন্মে বিষয়গুলো প্রস্তাব করছি।

১. আদর্শ গ্রাম :
১(এক)টি গ্রামের নুন্যতম ৬০ এর অধিক পরিবারের বসাবাস থাকতে হবে। ইউনিয়ন পরিষদেও তত্বাবধানে গ্রামের জনমতের মাধ্যমে আদর্শ গ্রাম উন্নয়ন কমিটি গঠিত হবে । কমিটির সদস্য সংখ্যা কমপক্ষে এক তৃতীয়াংশ সদস্য বিশিষ্ট হবে। গঠিত কমিটি দুই বছর মেয়াদে নির্বাচিত হবেন। তৃণমুল পর্যায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত থাকতে হবে।

২. মান সম্মত শিক্ষা :
শিক্ষার মান উন্নয়নের জন্য সরকারি পর্যায় বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানের নিশ্চিত করতে হবে। শিক্ষার পরিবেশ তৈরীর অবদান স্বরুপ উক্ত প্রতিষ্টানকে পুরস্কার প্রদানের ব্যবস্থা থাকতে হবে। প্রত্যেক ইউনিয়নের ১টি কওে স্যাটেলাইট বিদ্যালয় স্তাপনের উদ্যোগ গ্রহন।

৩. স্বাস্থ্য চিকিৎসা :
সু-স্বাস্থের জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সকল প্রকার ঔষধ ও যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করতে হবে। মা ও নবজাতক শিশুসহ সকল নাগরিকের চিকিৎসা সেবা প্রদানের সর রকম সুবিধাদি ব্যবস্থা করণ।

৪. কর্মসংস্থান :
বেকার যুবক-যুব মহিলাদের স্থানীয় চাহিদা মোতাবেক প্রতিটি পাড়াকে একিভূত করে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রশিক্ষণ কেন্দ্র চালু করা যাইতে পারে। যেমন- কম্পিউটার, সেলাই, হাঁস-মুরগী পালন,গবাদী পশু মোটা তাজা করন,ফলজ ও ঔষধী বাগান সৃজন, তাঁত ও হস্তশিল্প, মৎস্য চাষ ও পল্লী চিকিৎসা ইত্যাদি।

৫. যোগাযোগ :
এক গ্রাম হতে অন্য গ্রামের সংযুক্তি করণ। বিদ্যালয় গমনের জন্য রাস্তা তৈলী করা এবং সেবা গ্রহনের জন্য ইউনিয়ন পরিষদ কার্যালয়সহ স্থানীয় উদপাদিত কৃষিপণ্য বাজার জাত করনে পাঁকা রাস্তার বিকল্প নাই।

৬. বিশুদ্ধ পানি ব্যবস্থা :
নাগরিকের অধিকার অনুযায়ী বিশুদ্ধ পানি ব্যবহার নিশ্চিত করতে রিংওয়েল স্থান, গভীর ও অ-গভীর নলকুপ স্থাপন। ঝর্নার পানি সংরক্ষন করে জিআই পাইপ এর মাধ্যমে পানি সরবরাহ করা যাইতে পারে।

৭. স্যানিটেশন ;
স্যানিটেশন বিষয়ক জনসচেতনতা মুলক কার্যক্রম গ্রহন ও চাহিদা মোতাবেক গণসৌচাগার নির্মাণ করা যাইতে পারে।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

৮. খাদ্য নিরাপত্তা :
বৎসরে যেই সময়ে খাদ্য সংকট হওয়ার সম্ভাবনা আছে সেই সময়ের জন্য গ্রাম উন্নয়ন কমিটির মাধ্যমে খাদ্য মজুত করা। সময় সময়ে সরকার কর্তৃক খাদ্য সহায়তা প্রদান করা।

৯. আইন শৃঙ্খলা :
এলকার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ। সন্ত্রাস ও জঙ্গি প্রতিরোধ, বাল্য বিবাহ , নারী ও শিশু নির্যাতন প্রতিরোধসহ অ-সামাজিক কার্য-কলাপ প্রতিরোধ বিষয়ক জন সচেতনতা মুলক সভা সমাবেশ এবং নির্যাতিতদের আইনি সহায়তা প্রদান।

১০. তথ্য সংগ্রহ :
ইউনিয়ন সীমানার মধ্যে বসবাসরত মোট জনসংখ্যা , প্রাপ্ত ও অপ্রাপ্ত নারী-পুরুষের সংখ্যা , বয়স্ক নারী-পুরুষ, গর্ভবতী নারী, বিধবা নারী, শিক্ষি,অর্ধ-শিক্ষিত, অশিক্ষিত, কর্মজীবি , বেকার,কৃষক, হতদরিদ্র, মধ্যবিত্ত, উচ্চ-ভিত্ত পরিবারের সংখ্যা ইত্যাদি।

উল্লেখিত কার্যক্রম গ্রহনের ক্ষেত্রে অর্থ, পরিকল্পনা ও লজেষ্টিক সাপোর্টেও প্রযোজন হতে পারে ;
অর্থ , পরিকল্পনা ও লজেষ্টিক সাপোর্টের যোগানদাতা :

১. গ্রাম উন্নয়ন কমিটি ;
২. এনজিও ;
৩. ইউনিয়ন পরিষদ ;
৪. উপজেলা পরিষদ ;
৫. জেলা পরিষদ ;
৬. পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ;
৭. কেন্দ্রীয় সরকার

একেই পদ্ধতিতে প্রতিটি পাড়ায় কার্যক্রম বাস্তবায়িত হলে একটি আদর্শ ও স্বনির্ভর ইউনিয়ন গঠিত হইবে এবং জনগনের মৌলিখ চাহিদা পুরণ, অর্থ, কর্মসংস্থান, জনগনের জীবন মান উন্নয়ন, তৃণমুল পর্যায়ে সরকারের উন্নয়ন কেটসই ও সহজতর হইবে।

ক্যজাহ্লা মারমা
চেয়ারম্যান
১নং রাজবিলা ইউনিয়ন পরিষদ
বান্দরবান সদর,বান্দরবান।